

■ সহীহ ইবনু হিবান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫২০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আয়িশা রাদিয়াল্লাহু আনহা কর্তৃক রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের চাশতের সালাত সাব্যস্তকরণ

ذِكْرُ إِثْبَاتِ عَائِشَةَ صَلَاتُهُ الضُّحَى لِلْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

আরবী

2520 - أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ وَابْنُ كَثِيرٍ قَالَا: حَدَّثَنَا شُعْبَةُ قَالَ: أَخْبَرَنِي يَزِيدُ الرَّشْكُ عَنْ مُعَاذَةَ قَالَتْ: سَأَلْتُ عَائِشَةَ: أَكَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي الضُّحَى؟ قَالَتْ: نَعَمْ أَرْبَعَ رَكَعَاتٍ وَيَزِيدُ مَا شَاءَ اللَّهُ الرَّاوِي : مُعَاذَةُ | الْمَحْدُث : الْعَالَمَةُ نَاصِرُ الدِّينُ الْأَلْبَانِي | الْمَصْدُر : التَّعْلِيقَاتُ

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2520 | خلاصة حكم المحدث: صحيح - ((إلروا)) (562)،
(مختصر الشمائل المحمدية) (224): م.

قَالَ أَبُو حَاتِمٍ - رَضِيَ اللَّهُ عَنْهُ -: إِثْبَاتُ عَائِشَةَ صَلَاتُهُ الضُّحَى لِلْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَرَادَتْ بِهِ فِي الْبَيْتِ دُونَ مَسْجِدِ الْجَمَاعَةِ لِأَنَّهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: أَفْضَلُ صَلَاتِكُمْ فِي بُيُوتِكُمْ إِلَّا الْمَكْتُوبَةَ

বাংলা

২৫২০. মুয়াযাহ থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি আয়িশা রাদিয়াল্লাহু আনহাকে জিজেস করলাম, ‘রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সালাত কি চাশতের সালাত আদায় করতেন? জবাবে তিনি বলেন, ‘হ্যাঁ। চার রাকা‘আত আদায় করতেন। আবার আল্লাহ চাইলে বেশিও পড়তেন।’”[1]

আবু হাতিম ইবনু হিবান রহিমাহল্লাহ বলেন, “আয়িশা রাদিয়াল্লাহু আনহা কর্তৃক রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের চাশতের সালাত সাব্যস্তকরণ বাড়ির ক্ষেত্রে প্রযোজ্য; মাসজিদের জন্য নয়। কেননা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “তোমার শ্রেষ্ঠ সালাত হলো বাড়ির সালাত তবে ফরয সালাত ব্যতীত।”

ফুটনোট

[1] আত তায়ালিসী: ১৫৭১; সহীহ মুসলিম: ৭১৯; শামায়েলে তিরমিয়ী: ২৮২; ইবনু মাজাহ: ১৩৮১; আবু আওয়ানা: ২/২৬৭; সুনান বাইহাকী: ৩/৮৭; বাগাবী: ১০০৫; মুসাম্মাফ আব্দুর রায়যাক: ৪৮৫৩; নাসাই আল কুবরা: ১২/৮৩৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহ্মাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহ্মাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৫৬২)

হাদিসের মান: সহীহ (Sahih) পুঁঁনিরীক্ষিত

পাবলিশার: হাদিসবিডি □ বর্ণনাকারী: মু'আমাহ আল 'আদবিয়্যাহ (রহ.)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=91846>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন